# জুমার পর জিয়া-খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানাবেন নবনির্বাচিত রাষ্ট্রপতি



নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

জুমার নামাজের পর শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবরে শ্রদ্ধা নিবেদন করবেন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
শুক্রবার (২১ আগস্ট) রাজধানীর জিয়া উদ্যানে তাদের কবরে শ্রদ্ধা জানানোর কথা রয়েছে তার। সেখানে দোয়া ও ফাতেহা পাঠ করবেন নবনির্বাচিত রাষ্ট্রপতি।

এরপর সন্ধ্যায় বঙ্গভবনে দেশের ২৩তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নেবেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শপথের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করবেন তিনি।

LENS ASIA

এর আগে বৃহস্পতিবার (২০ আগস্ট) জাতীয় সংসদে অনুষ্ঠিত রাষ্ট্রপতি নির্বাচনে সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত হন মির্জা ফখরুল। নির্বাচনে ৩৪৯ ভোটের মধ্যে তিনি ২৫৫ ভোট পেয়ে জয়ী হন।